100

দৈনিক বাংলা

তারিখ ... 02 OCT 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

# পরীক্ষা চলাকালে ঢাকা মেডিক্যাল কলেজে ব্যাপক বোমাবাজি ঃ ছাত্র আহত

।। মেডিক্যাল রিপোর্টার ।।

গতকাল ঢাকা মেডিক্যাল কলেজ ক্যাম্পাস ও হোস্টেলে ব্যাপক বোমাবাজি হয়। এসময় তৃতীয় পেশাগত পরীক্ষা চলছিল। পরীক্ষা বর্জনকারী কতিপয় ছাত্র এবং কিছুসংখ্যক বহিরাগত এই বোমাবাজি করে বলে অভিযোগ পাওয়া গেছে। বোমায় প্রথম বর্ষের ছাত্র রাসেল আহত হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকাল ১০টা থেকে ১১টার মধ্যে দশ-বারটি ককটেল ফোটে। এসময় কর্তৃপক্ষ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করেন এবং ঢামেকসুর ভিপির নেতৃত্বে সাধারণ ছাত্ররা হামলাকারীদের প্রতিহত করার জন্য এগিয়ে গেলে তারা পালিয়ে যায়। কিছুক্ষণের মধ্যেই ক্যাম্পাসে শান্তি ফিরে আসে এবং সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন হয়। এঘটনার পর ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ আগামী ৯ তারিখ পর্যন্ত সকল লেকচার ক্লাস বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন।

ঢামেকসুর ভিপি শরফুল ইসলাম খান ববি এক বিবৃতিতে গতকালের এই সন্ত্রাসী ঘটনার প্রতিরোধে সাধারণ

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## রহিম প্রাণ দিলেন

।। নিজস্ব সংবাদদাতা ।।

নবীনগর (বি-বাড়িয়া), ৩০শে সেপ্টেম্বর।–দুটি শিশুর প্রাণ বাঁচাতে গিয়ে আবদুর রহিম নিজের প্রাণ বিসর্জন দিলেন। নবীনগর উপজেলার কৃষ্ণনগর ইউনিয়নের গৌরনগর গ্রামে গত ১৩ই সেপ্টেম্বর এ ঘটনা ঘটে।

প্রকাশ, গৌরনগর গ্রামের জনৈক কলিমউদ্দিন মিয়ার বাড়িতে বাঁশঝাড় থেকে বাঁশ কেটে নেয়ার সময় পার্শ্ববর্তী বিদ্যুৎ লাইনে লাগলে বিদ্যুবাহী তার ছিঁড়ে মাটিতে পড়ে। বাড়ির দুটি শিশু খেলতে গিয়ে অকস্মাৎ বৈদ্যুতিক তারের সাথে জড়িয়ে যায়।

তাদের বাঁচাতে পাশের বাড়ির আবদুর রহিম (৪০) দৌড়ে এসে তার